গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
বকশীগঞ্জ, জামালপুর

অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন

জেলা- জামালপুর

উপজেলা- বকশীগঞ্জ

অর্থবছর- ২০২৩-২৪

ক্রঃ	মাস	অভিযোগ কারীর নাম ও ঠিকানা	অভিযোগের বিষয়	নিষ্পত্তি করা হয়েছে কিনা	মন্তব্য/ প্রমাণক
	আগস্ট/ ২০২৩	শ্রী গঙ্গারাম দাস সভাপতি বগারচর সাধুরপাড়া মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ	রিং জাল ব্যবহার করা হচ্ছে এই মর্মে অভিযোগ করা হয়।	করা হয়েছে। উক্ত স্থানে অভিযান পরিচালনা করে ২৪ টি রিং জাল ও ৪ টি কারেন্ট জাল বিনষ্ট করা হয়। এছাড়া এলাকার লোকজনকে অবৈধ জাল সম্পর্কে সচেতন করা হয়।	

বরাবর,
উপজেলা মৎস্য কর্মকর্তা
বকশীগঞ্জ, জামালপুর

বিষয়ঃ অভিযোগ।

জনাব,

বিনীত নিবেদন এই যে আমি শ্রীঃ গংগারাম দাস (৪১) স্বর্গীঃ খগেন্দ্রচন্দ্র দাস সাং সারমারা থানা বকশীগঞ্জ, জেলা জামালপুর। এ মর্মে অভিযোগ দায় করিতেছি যে, সিংগিডোবা বিল জলমহালটি বিগত প্রায় ভুমিমন্ত্রনালয়ে আওতাধীনে ০৬ বছরের মেয়াদে জন্য উন্নয়ন প্রকল্পেরে আওতায় ২০১৯ হতে ২০২৪ সাল পর্যন্ত বগারচর সাধুর পাড়া মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ এর মার রেজিনং ৩২২৩ তারিখঃ ১৭/০২/১৯৭৩ খ্রি. এর নামে ইজারা নেয়া হয় সভাপতি নিয়োজিত থাকিয়া বিগত পাঁচ বছর যাবৎ উক্ত সমিতির পক্ষ হতে সিংগিডোবা বিল জলমহালটি পরিচালনা করিয়া আসিতেছি মাছের প্রজেক্টটি সরকারের নিকট থেকে ইজারা টাকা আয়কর ভ্যাট সহকারে সর্ব মোট প্রতি বছরের জন্য ৭,৪২,৪০০/- (সাত লক্ষ বিয়াল্লিশ হাজার চারশত) টাকা দিয়া ৬ বছরে জন্য লিজ নিয়া উক্ত প্রজেক্টটে মাছ চাষ করিয়া আসিতেছি । আমি উক্ত প্রজেক্টে মৎস্যজিবী সমবায় সমিতির সভাপতি থাকা কালিন লিজ নিয়েছি । অপর দিকে প্রায় সময় আসামীরা রিংজালও কারেন্টজাল দিয়ে মাছ মারিয়া থাকে যাহা সরকারী ভাবে নিষিদ্ধ ১। মোঃ আনোয়র (৩৮) পিতা মোঃ পুলু (বুল্লা) ২।মোঃ ছানু (৪৮) পিতা মোঃ আঃ ছাত্তার (মিস্ত্রী) আর প্রায় সাত আট জন সর্ব সাং আলিরপাড়া থানা বকশীগঞ্জ জেলা জামালপুর পনেরা এলাকার কলহ প্রিয় এবং পরের সম্পদ লোভী লোক । আসামীরা বিভিন্ন সময়ে আমাদের উক্ত মাছের প্রজেক্ট থেকে সবসময় মাছ মারিয়া নিয়ে যায়। আমরা সমিতির সদস্যরা আসামীদেরেকে মাছ মারা বাধা নিষেধ করিলে আসামীরা শত্রুতা করিয়া আমাদের ক্ষতি করার জন্য পায়তারা করিতে থাকে ।

অতএব মহোদয়ের নিকট আমাদের বিনীত নিবেদন এইযে উক্ত বিষয়ের উপর সু-বিচার জন্য প্রার্থনা জানাচ্ছি ।

তারিখঃ ২৩/০৮/২৩খ্রি.

বিনীত
শ্রীঃ গংগারাম দাস
সভাপতি
বগারচর সাধুরপাড়া মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ ।



মোঃ আশরাফুল ইসলাম রিয়েল
উপজেলা মৎস্য কর্মকর্তা